

তাল--গড়খেম্টা

আমি অনেকদিন হই স্বদেশ ছাড়া, আমার খবর ক'স

ভাই তোরা ।

আমার হরি-পিতা শান্তি-মাতার সু-পুত্র ভাই আছিস্ যারা ॥

১। আমি পিতার হই কু-পুত্র, ঘুরে বেড়াই এই সংসার ক্ষেত্র,
আমার মত নাই কপাল পোড়া ।

আমি সোনা দিয়ে খেলনা কিনে, ভরেছি পাপের ভরা ॥

২। সাধ ছিল যাব প্রেম-বাজারে যাওয়া হলো না

মোর কর্মান্তরে,

রং বাজারে পড়লেম ধরা ।

দিলেন মদনগঞ্জে নৌকায় পাড়া, বন্দী র'লেম নটী পাড়া ॥

৩। জানাইও এই নিবেদন, গুরু আমায় দিয়াছিল

যে সকল ধন,

লুটে নিয়েছে ছয় চোরা ।


আমার মানবতরী অচল হ'ল খ'সে গিয়াছে কলের জোড়া ॥

৪। গোপালচাঁদ কয় শোন্ অভয়া, দেখলি না নৌকার

দিকে চাহিয়া, জুনিয়ার খেয়ে করছে সারা ।

তোর দেশে যাওয়া হবে না গুরুচাঁদের দয়া ছাড়া ॥

---অভয়চরণ



তাল--গড়খেম্টা

হরিচাঁদ হে (গুরুচাঁদ হে) আমি ভাবি মনে কত অপরাধী

তোমার শ্রীচরণে,